# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

**ক্রেডিট ইনফরমেশন ব্যুরো**

সিআইবি সার্কুলার নং-০২

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২৫
১৪ আশ্বিন ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক এবং ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

**Non-listed Securities-এ বিনিয়োগ এবং অন্যান্য সম্পদ সিআইবি ডাটাবেইজে দাখিল করা প্রসঙ্গে।**

আর্থিক খাতে Non-listed Securities (যেমন- Non-convertible Cumulative Preference Share এবং Non-convertible Bond/ Debenture) ক্রমবর্ধমানভাবে বিনিয়োগের উপকরণ হিসেবে ব্যবহৃত হচ্ছে। তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের Non-listed Securities-এ বিনিয়োগ ঝুঁকি গ্রহণযোগ্য মাত্রায় রাখার উদ্দেশ্যে এ ধরনের বিনিয়োগসমূহকে ঋণ হিসেবে বিবেচনা করে সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করার জন্য ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে যথাক্রমে ডিওএস সার্কুলার নং- ০৪, তারিখ: ২৬/০৫/২০১৯ এবং ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ: ০৭/০৭/২০২৫ এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত বিনিয়োগসমূহের তথ্য সিআইবি ডাটাবেইজে অন্তর্ভুক্ত করা হলে ঋণগ্রহীতার ঋণের সঠিকতা ও ঝুঁকি মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

২। এ প্রেক্ষিতে ঋণগ্রহীতার ঋণ ঝুঁকি মূল্যায়নসহ পূর্ণাঙ্গ পোর্টফোলিও পর্যবেক্ষণের লক্ষ্যে Non-listed Securities-এ তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির বিনিয়োগ এবং অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত ঋণের তথ্য সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করার নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে ।

৩। **Non-listed Securities-এ বিনিয়োগ :**

৩.১। Non-listed Securities-এর Non-convertible Cumulative Preference Share এবং Non-convertible Bond/ Debenture-খাতে তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির বিনিয়োগসমূহের তথ্য সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে ।

৩.২। Non-listed Securities-এ তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের বিনিয়োগসমূহের শ্রেণিমান ডিওএস সার্কুলার নং- ০৪, তারিখ: ২৬/০৫/২০১৯; বিআরপিডি সার্কুলার নং-০৪, তারিখ: ১২/০৪/২০২২ এবং ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ: ০৭/০৭/২০২৫ অনুসরণপূর্বক সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

৪। **অন্যান্য সম্পদঃ**

৪.১। অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত ঋণের উপর ধার্যকৃত সুদ যা আদায় হয়নি তা সংশ্লিষ্ট ঋণের সাথে একত্রিত করে সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

৪.২। কোনো কারণে উক্ত ধার্যকৃত সুদ অন্যান্য সম্পদ খাতে স্থানান্তর করা সম্ভব না হলে তা বিআরপিডি সার্কুলার নং-০৪, তারিখ: ১২/০৪/২০২২ এর নির্দেশনা অনুযায়ী “সন্দেহজনক বা মন্দ/ক্ষতিজনক” মানে শ্রেণিকরণপূর্বক সংশ্লিষ্ট ঋণগ্রহীতার নামে সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

চলমান পাতা/০২

৫। <u>রিপোর্টিং সংক্রান্ত :</u>

৫.১। ৩১/১০/২০২৫ ভিত্তিক Non-listed Securities-এ বিনিয়োগ এবং ঋণের বিপরীতে প্রাপ্য সুদ যা অন্যান্য সম্পদ খাতে প্রদর্শন করা হয়েছে তা আগামী ১৫/১১/২০২৫ তারিখের মধ্যে বিদ্যমান সিআইবি গাইডলাইন এবং "সংযোজনী-ক" এর নির্দেশনা অনুসরণপূর্বক Bulk আকারে অথবা ম্যানুয়াল এন্ট্রির মাধ্যমে Real Time-এ সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

৫.২। ০১/১১/২০২৫ হতে তৎপরবর্তী Non-listed Securities-এ বিনিয়োগ এবং ঋণের বিপরীতে প্রাপ্য সুদ যা অন্যান্য সম্পদ খাতে প্রদর্শন করা হয়েছে তা মাসিক ভিত্তিতে সিআইবি ডাটাবেইজে ঋণতথ্য দাখিলের সময়সীমার সাথে সামঞ্জস্য রেখে রিপোর্ট করতে হবে।

৫.৩। ব্যাংক পরিদর্শন বিভাগ বা আর্থিক প্রতিষ্ঠান পরিদর্শন বিভাগ কর্তৃক সরেজমিন পরিদর্শনকালে Non-convertible Cumulative Preference Share এবং Non-convertible Bond/ Debenture সহ যে কোন ধরনের Non-listed Securities বা অন্যান্য সম্পদকে শ্রেণিকরণ করা হলে তা সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

৫.৪। এছাড়া Non-listed Securities কিংবা ঋণের বিপরীতে প্রাপ্য সুদের তথ্যে কোনরূপ সংযোজন, পরিবর্তন বা সমন্বয় করা হলে তা তাৎক্ষণিকভাবে (Real Time) সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

৬। <u>মিথ্যা/ ভুল তথ্য প্রদান বা তথ্য গোপন সংক্রান্ত :</u>

৬.১। তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক তথ্য দাখিলের সময় কোন ভুল/ মিথ্যা তথ্য দাখিল করা হলে বা কোন তথ্য গোপন করা হলে জরিমানা আরোপ এবং আদায়ের ক্ষেত্রে সিআইবি সার্কুলার নং-০২/২০১১, তারিখ ০৪/০৫/২০১১ এবং তৎপরবর্তীতে জারিকৃত সিআইবি সার্কুলার লেটার নং -০১, তারিখ ০৫/০৩/২০২৫ এর সংশ্লিষ্ট ধারাসমূহ প্রযোজ্য হবে।

৭। Bangladesh Bank Order, 1972 (P.O No. 127 of 1972) এর Article 44(1) এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৮। এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শফিকুল ইসলাম)
পরিচালক (সিআইবি)
ফোন: ৯৫৩০১৩৩

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০১ পাতা)।

ক্রেডিট ইনফরমেশন ব্যুরো

<u>সংযোজনী-ক</u>

তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক Non-listed Securities-এ বিনিয়োগ সংক্রান্ত তথ্য সংগ্রহ করার লক্ষ্যে বর্তমান Contract Types এর Installment Contracts এর অধীনে ৩টি নতুন ফিল্ড সংযোজন করা হয়েছে। এ প্রেক্ষিতে 4.3.19 Contract Types এর টেবিলে বিদ্যমান Installment Contracts এর তালিকায় নতুন সংযোজিত নিম্নোক্ত Installment Contracts সমূহ অনুযায়ী Non-listed Securities-এ বিনিয়োগ সমূহ রিপোর্ট করতে হবে।

| Value | Description (EN) |
|---|---|
| **Installment contracts** | |
| NP | Non-convertible Cumulative Preference Share |
| BD | Non-convertible Bond/Debenture |
| OS | Other Installment Contract in Non-listed securities |